Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

# ফরম - ক

## চুক্তি স্মারক নামা

কোটস্ বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং কোটস্ বাংলাদেশ লিঃ এমপ্লয়ীজ ইউনিয়ন, রেজিঃ নং- ১৫৭৯ এর মধ্যে ২০০৬ সালের বাংলাদেশ শ্রম আইনের ২১০ (৩) ধারা মোতাবেক চুক্তির স্মারক নামাঃ

| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিনিধি | স্বাক্ষর | ইউনিয়ন পক্ষের প্রতিনিধি | স্বাক্ষর |
|---|---|---|---|
| নিশান্ত মানুজা<br>ম্যানেজিং ডিরেক্টর | | শেখ আবদুল মান্নান<br>সভাপতি | |
| মনোনীতা সৈয়দ-হক<br>হিউম্যান রিসোর্সেস ডিরেক্টর | | মোঃ হামিদুর রহমান<br>সিনিয়র সহ-সভাপতি | |
| মোহাম্মদ আহসান হাবিব চৌধুরী<br>ফাইন্যান্স ডিরেক্টর | | আলী আহসান<br>সহ-সভাপতি | |
| প্রভাষ চন্দ্র দাস<br>ম্যানুফ্যাকচারিং ডিরেক্টর | | মোঃ আবদুল মজিদ<br>সাধারণ সম্পাদক | |
| এস. এম. এ. খালিদ<br>ম্যানুফ্যাকচারিং ম্যানেজার | | আয়নাল হক<br>যুগ্ম সাধারণ সম্পাদক | |
| সাব্বির আহমেদ খান<br>রিওয়ার্ড ম্যানেজার | | লিটন চন্দ্র নাথ<br>সহ সাধারণ সম্পাদক | |
| সৈয়দ তানভীর সরওয়ার<br>প্লান্ট এইচ. আর. ম্যানেজার | | এস. এম. আসাদুজ্জামান<br>সাংগঠনিক সম্পাদক | |
| মঞ্জুরুল আলম চৌধুরী<br>প্লান্ট এইচ. আর. এসিস্ট্যান্ট ম্যানেজার | | নূর মোহাম্মদ<br>অর্থ সম্পাদক | |
| | | শিকদার মিজানুর রহমান<br>দপ্তর সম্পাদক | |
| | | আতাউর রহমান<br>সমাজকল্যাণ ও প্রচার সম্পাদক | |
| | | জসীম উদ্দিন<br>ক্রীড়া ও সংস্কৃতিক সম্পাদক | |



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

## চুক্তির সংক্ষিপ্ত পটভূমি

কোট্স বাংলাদেশ লিঃ ও কোট্স বাংলাদেশ লিঃ এমপ্লয়ীজ ইউনিয়নের মধ্যে গত ১৫ অক্টোবর ২০১৯ ইং তারিখে স্বাক্ষরিত দ্বি-পাক্ষিক চুক্তিনামার মেয়াদ কাল ৩১ মার্চ, ২০২১ ইং তারিখে উত্তীর্ণ হলে সি.বি.এ. ১ এপ্রিল, ২০২১ ইং তারিখের পত্র মারফত কোটস্ বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বরাবরে একটি ২৩ (তেইশ) দফা দাবীনামা পেশ করেন এবং এর পরিপ্রেক্ষিতে গত ১২ এপ্রিল, ২০২১ ইং তারিখ থেকে কোট্স বাংলাদেশ লিঃ-এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও কোটস্ বাংলাদেশ লিঃ এমপ্লয়ীজ ইউনিয়ন রেজিঃ নং-১৫৭৯ এর মধ্যে সরাসরি দ্বিপাক্ষিক আলোচনা শুরু হয়। বিভিন্ন তারিখ ও সময়ে উভয় পক্ষের মধ্যে দফা ওয়ারী আলোচনার পর আজ **১৭ অক্টোবর ২০২১** ইং তারিখের বৈঠকে উভয় পক্ষের প্রতিনিধিগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে ইউনিয়ন এর আওতাভূক্ত নিম্ন বর্ণিত পে-স্কেল এর অধীন সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীদের জন্য নিম্নলিখিত শর্তাধীনে এই চুক্তিনামা স্বাক্ষরিত হল।

### চুক্তির শর্তাবলীঃ

১। **পদবি, গ্রেড এবং মূল মজুরি/বেতন সম্পর্কিতঃ**

**১.১) পদবিঃ**

কাজের প্রকৃতি অনুযায়ী শ্রমিক/কর্মচারীদের পদবিসমূহ বিভাগভেদে নিম্নবর্ণিত ছক অনুসারে যথারীতি প্রচলিত নীতি অনুযায়ী কার্যকর থাকবেঃ

| |
|---|
| **ডাইহাউজ বিভাগ** |
| অটল্যাব অপারেটর, ক্যামিকেল ডিস্পেন্সার, ডিস্পেন্সিং অপারেটর, ডিটিএম প্রিপারেটর, ডাইড গ্রেড সাপ্লাইয়ার, ডাইয়িং মেশিন অপারেটর, ডাইজ এন্ড ক্যামিকেল সাপ্লায়ার, হ্যান্ডলার-জিটি সাপ্লাই টীম, হাইড্রো এন্ড আর এফ অপারেটর, এল এ অপারেটর, এলআরএম কোর্ডিনেটর. মেশিন অপারেটর, মেশিন শিডিউলার, ম্যাটেরিয়াল হ্যান্ডলার, মেজারমেন্ট অপারেটর, পাস/ফেইল মেজারমেন্ট অপারেটর, পোস্ট ডাইড গ্রেড অপারেটর, প্রি ডাইড গ্রেড অপারেটর, আর এফ রিসিভার এন্ড ট্রান্সফার অপারেটর, স্যাম্পল কালেক্টর/প্রিপারেটর, স্মার্ট শিডিউলার ইত্যাদি। |
| **ফিনিশিং বিভাগ** |
| বন্ডিং মেশিন অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, ল্যুব প্লান্ট অপারেটর, ম্যাটেরিয়াল হ্যান্ডলার, প্যাকার, স্মার্ট শিডিউলার, স্টিকার প্রিন্টিং অপারেটর, ওয়াইন্ডার ইত্যাদি। |
| **ইঞ্জিনিয়ারিং/মেইন্টেনেন্স বিভাগ** |
| এসিস্ট্যান্ট মেকানিক, বয়লার অপারেটর, ইলেক্ট্রিশিয়ান, ইটিপি অপারেটর, মেকানিক, ওয়ার্কশপ মেকানিক, ইউটিলিটি অপারেটর, ডাব্লিউটিপি অপারেটর ইত্যাদি। |
| **ল্যাবরেটরি বিভাগ** |
| কার্ড ওয়াইন্ডার, ডিস্পেন্সিং অপারেটর, মেশিন অপারেটর, ম্যাটেরিয়াল হ্যান্ডলার ইত্যাদি। |
| **কোয়ালিটি এস্যুরেন্স বিভাগ** |
| কিউ এ চেকার/টেস্টার ইত্যাদি। |
| **সাপ্লাই চেইন বিভাগ** |
| কোঅর্ডিনেটর- স্পেয়ার পার্টস, ম্যাটেরিয়াল হ্যান্ডলার, অপারেটর রিচ ট্রাক ইত্যাদি। |
| **এডমিন বিভাগ** |
| ড্রাইভার, ইলেক্ট্রিশিয়ান, অফিস এসিস্ট্যান্স ইত্যাদি। |

উল্লেখ্য যে, প্রচলিত পদ্ধতি অনুযায়ী উপরে বর্ণিত পদবি ও বিভাগসমূহের বাইরেও কোম্পানির ব্যবসায়িক প্রক্রিয়ার আধুনিকীকরণ ও পরিবর্তনের কারণে নতুন নতুন পদবি ও বিভাগ সংযোজন অথবা বর্তমানে ব্যবহৃত পদবি বা বিভাগের পরিমার্জন চলমান থাকবে।



MSH

Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley
Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

**১.২) শ্রেণীবিন্যাস বা গ্রেডিংঃ**

বর্তমানে প্রচলিত নিম্নবর্ণিত শ্রেণীবিন্যাস বা গ্রেডিং প্রথা যথারীতি চালু থাকবে। শ্রমিক/কর্মচারীদের কাজের অভিজ্ঞতা, দক্ষতা ও পারফরম্যান্সের উপর ভিত্তি করে কোম্পানির রীতি মোতাবেক পূর্বের ন্যায় গ্রেড নির্বাচন বা পদোন্নতি দেয়া হবে।

| নতুন গ্রেডসমূহ | পুরাতন গ্রেডসমূহ |
|---|---|
| নতুন গ্রেড ১ | পুরাতন গ্রেড ১ |
| নতুন গ্রেড ২ | পুরাতন গ্রেড ২ |
| নতুন গ্রেড ৩ | পুরাতন গ্রেড ৩ |
| নতুন গ্রেড ৪ | পুরাতন গ্রেড ৪ |
| নতুন গ্রেড ৫ (সর্বোচ্চ) | পুরাতন গ্রেড ৫ (সর্বোচ্চ) |

**১.৩) মূল মজুরি/বেতনঃ**

শ্রমিক/কর্মচারীদের কল্যাণার্থে গ্রেড অনুযায়ী মূল মজুরী/বেতন পূর্বেকার স্কেল পরিবর্তিত হয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী নির্ধারণ করা হবে।

বার্ষিক বেতন বৃদ্ধি, পদোন্নতিজনিত কিংবা বিশেষ বেতন বৃদ্ধির ক্ষেত্রে পুরাতন ও নতুন গ্রেডের জন্য যথাক্রমে নিজ নিজ মূল মজুরী/বেতন এর উপর ১৩% ও ৮% হারে বৃদ্ধি প্রযোজ্য হবে।

| নতুন গ্রেডসমূহ | নূন্যতম মূল মজুরি/বেতন | পুরাতন গ্রেডসমূহ | নূন্যতম মূল মজুরি/বেতন |
|---|---|---|---|
| নতুন গ্রেড ১ | ৪,০০০ টাকা | পুরাতন গ্রেড ১ | প্রযোজ্য নয়* |
| নতুন গ্রেড ২ | ৫,৮০০ টাকা | পুরাতন গ্রেড ২ | |
| নতুন গ্রেড ৩ | ৬,১০০ টাকা | পুরাতন গ্রেড ৩ | |
| নতুন গ্রেড ৪ | ৬,৪০০ টাকা | পুরাতন গ্রেড ৪ | |
| নতুন গ্রেড ৫ | ৬,৭০০ টাকা | পুরাতন গ্রেড ৫ | |
| **বেতন বৃদ্ধির হার: ৮%** | | **বেতন বৃদ্ধির হার: ১৩%** | |

** পুরাতন গ্রেডসমূহে কোন নতুন নিয়োগ হবেনা, তাই এক্ষেত্রে ন্যূনতম মূল মজুরি বিষয়টি প্রযোজ্য নয়।*

এইমর্মে আরও সিদ্ধান্ত হল যে, ১ এপ্রিল ২০২১ হতে পুরাতন গ্রেড ও নতুন গ্রেডের শ্রমিক/কর্মচারীগণের বর্তমান মূল মজুরির উপর যথাক্রমে ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) টাকা ও ৫০০ (পাঁচশত) টাকা হারে বৃদ্ধি হবে, যা ১ এপ্রিল ২০২১ এর পূর্বে যোগদানকৃত সকল শ্রমিক/কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে।

## ২। স্থির মাসিক ভাতাসমূহঃ

**২.১) বাড়ি ভাড়া ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক বাড়ি ভাড়ার সাথে ১,১০০/- (এগারশত) টাকা হারে বৃদ্ধি করা হল ।



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® STANDARD 100 11-34931 Shirley
Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

**২.২) যাতায়াত ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক যাতায়াত ভাতার সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৩) খাওয়া ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/ কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক খাওয়া ভাতার সাথে ২০০/- (দুইশত) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৪) ইউটিলিটি ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক ইউটিলিটি ভাতার সাথে ২২০/- (দুইশত বিশ) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৫) চিকিৎসা ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক চিকিৎসা ভাতার সাথে ১৩০/- (একশত ত্রিশ) টাকা হারে বৃদ্ধি করা হল ।

**২.৬) সন্তানদের শিক্ষাভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় সন্তানদের মাসিক শিক্ষা ভাতার সাথে ৩০০/- (তিনশত) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৭) ধোলাই ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/ কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক ধোলাই ভাতার সাথে ১০০/- (একশত) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৮) আপ্যায়ন ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক আপ্যায়ন ভাতার সাথে ১০০/- (একশত) টাকা হারে বৃদ্ধি করা হল।

**২.৯) খোরাকী (সাবসিস্টেন্স) ভাতাঃ**

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় মাসিক সাবসিস্টেন্স ভাতার সাথে ১০০/- (একশত) টাকা হারে বৃদ্ধি করা হল।



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley
Tested for harmful substances.
www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

## ৩। পরিবর্তনশীল ভাতাসমূহঃ

### ৩.১) চা-নাস্তা ভাতাঃ

সকল গ্রেডে স্থায়ী শ্রমিক/কর্মচারীগণকে প্রদেয় প্রতি কর্ম দিবস কাজে উপস্থিত থাকার জন্য চা-নাস্তা ভাতা হিসাবে দৈনিক ভিত্তিতে ১০/- (দশ) টাকা হারে বৃদ্ধি করা হল।

### ৩.২) নৈশকালীণ ডিউটি ভাতাঃ

নৈশকালীণ শিফ্ট এ কর্মরত সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগণকে প্রদেয় নৈশকালীণ ডিউটি ভাতা বাবৎ প্রতি নৈশকালীন উপস্থিতির জন্য ২০/- (বিশ) টাকা হারে বৃদ্ধি করা হল।

### ৩.৩) কন্টিনিউয়াস অপারেশনস ভাতাঃ

কন্টিনিউয়াস অপারেশনস চলমান থাকা সাপেক্ষে কন্টিনিউয়াস অপারেশনস সিডিউলে কর্মরত সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগণকে প্রতি কর্ম দিবস কাজে উপস্থিত থাকার জন্য বর্তমানে প্রদেয় ভাতা হিসাবে দৈনিক ভিত্তিতে ৬/- (ছয়) টাকা বৃদ্ধি করা হল।

কন্টিনিউয়াস অপারেশন্স শিফট রোস্টার যথারীতি প্রতি বছর নির্দিষ্ট দিনে ঘড়ির কাটার সামনের দিকে পরিবর্তিত হবে। রোস্টার পরিবর্তনের ক্ষেত্রে কন্টিনিউয়াস অপারেশন্স এর চুক্তির শর্তাবলী অপরিবর্তিত থাকবে। তাছাড়াও কোম্পানীতে কন্টিনিউয়াস অপারেশন্স-এর বর্তমানে প্রচলিত রীতি বলবৎ থাকবে।

## ৪। অন্যান্য মেয়াদী (বাৎসরিক, অর্ধ-বাৎসরিক ও উৎসবকালীন) বোনাস ও ভাতাসমূহঃ

### ৪.১) লিভ ফেয়ার এ্যাসিস্টেন্স (LFA)ঃ

সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগণ প্রতি বৎসর কাজের জন্য প্রদেয় লিভ ফেয়ার এ্যাসিস্টেন্স এর সাথে বাৎসরিক ৬০০/- (ছয়শত) টাকা বৃদ্ধি করা হল।

প্রতি বছর ডিসেম্বর মাসে পুরাতন গ্রেডের জন্য ৫,৮২০ ও নতুন গ্রেডের জন্য ৪,৬২০ টাকা হারে লিভ ফেয়ার এ্যাসিস্টেন্স প্রদান করা হবে। কোন নির্দিষ্ট বছরে নতুন নিয়োগপ্রাপ্ত অথবা পদত্যাগকৃত শ্রমিক/কর্মচারীদেরকে পূর্বের নিয়মানুযায়ী আনুপাতিক হারে এই ভাতা প্রদান করা হবে।

### ৪.২) উৎসব বোনাসঃ

(ক) সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগণ প্রতি চলতি পূর্ণ বছর কাজের জন্য দুই মাসের মূল বেতনের সমান উৎসব বোনাস পাবেন, যা উক্ত বৎসর ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা এর পূর্বে (প্রতি ঈদে এক মাসের মূল বেতনের সমান) প্রদান করা হবে। প্রচলিত রীতি অনুযায়ী অন্যান্য ধর্মাবলম্বীদেরকেও একই সময়ে বোনাস প্রদান করা হবে। তবে, অন্যান্য ধর্মাবলম্বীরা চাইলে নিজ নিজ ধর্মের উৎসবের সময় বোনাস গ্রহণের জন্য অনুরোধ করতে পারবেন।

HSH



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley
Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

(খ) কোন নির্দিষ্ট বছরে নতুন নিয়োগপ্রাপ্ত অথবা পদত্যাগকৃত শ্রমিক/কর্মচারীদেরকে পূর্বের নিয়মানুযায়ী আনুপাতিক হারে উৎসব ভাতা প্রদান করা হবে। যে সকল শ্রমিক/কর্মচারীগণ বোনাস প্রদানকালীন মাসের ১৫ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত হবেন তারা সে মাসের পূর্ণ আনুপাতিক হারে বোনাস পাবেন।

(গ) অবসর অথবা মৃত্যুর কারণে চূড়ান্ত নিষ্পত্তির বেলায় বছর পূর্ণ করার পূর্বেই ইতোমধ্যে প্রদানকৃত উৎসব বোনাস থেকে কোন প্রকার সমন্বয় করা হবে না।

**৪.৩) বৈশাখী ভাতাঃ**

বাংলা নববর্ষ উৎযাপনের জন্য সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগনকে বাৎসরিক বৈশাখী ভাতা পুরাতন ও নতুন গ্রেডে যথাক্রমে ২,৩০০/- (দুই হাজার তিনশত টাকা) ও ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা হারে দেওয়া হবে, যা প্রতি বছর ১লা বৈশাখের পূর্বে প্রদান করা হবে। উক্ত বৈশাখী ভাতা প্রদানের ক্ষেত্রে স্থায়ী শ্রমিক/কর্মচারীগনের চাকুরীর মেয়াদ ১লা বৈশাখ (১৪ই এপ্রিল) তারিখে কমপক্ষে ৬ (ছয়) মাস হতে হবে। পরিবর্তিত ভাতা যথারীতি আগামী বছর অর্থাৎ ২০২২ সালের পহেলা বৈশাখ হতে প্রযোজ্য হবে।

**৪.৪) পারফরমেন্স ইফিশিয়েন্সি ও উপস্তিতি ভিত্তিক বোনাস/ইনসেন্টিভঃ**

পারফরমেন্স ইফিশিয়েন্সি ও উপস্থিতি বোনাসের বর্তমান প্রচলিত নিয়ম অব্যাহত থাকবে। এই বোনাস বছরে দুইবার অর্থাৎ জানুয়ারি-জুন এবং জুলাই-ডিসেম্বর এই দুই মেয়াদের জন্য প্রদেয় হবে।

প্রচলিত নিয়ম মোতাবেক নতুন নিয়োগপ্রাপ্ত অথবা পদত্যাগকৃত শ্রমিক/কর্মচারীদের জন্য আনুপাতিক হারে এই বোনাস প্রযোজ্য হবে না।

**৫। <u>অবসরজনিত (Retirement) সুবিধাঃ</u>**

এইমর্মে সিদ্ধান্ত হল যে, স্থায়ী শ্রমিক/কর্মচারীদের আইন অনুযায়ী অবসর গ্রহণের বয়স পূর্ণ হওয়ার পর অবসরকালীন ভাতা হিসাবে অন্য সকল সুবিধাসমূহের অতিরিক্ত হিসাবে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। "যথাসময়ের পূর্বে অবসর" (early retirement)-এর ক্ষেত্রেও এই সুবিধা প্রযোজ্য হবে, তবে শর্ত থাকে যে সে ক্ষেত্রে কোম্পানিতে শ্রমিক/কর্মচারীর চাকুরিকাল ন্যূনতম ২৫ বছর এবং বয়স ৫৫ বছর অবশ্যই পূর্ণ হতে হবে। অন্য প্রতিষ্ঠান হতে কোটসে যোগদান করা অভিজ্ঞ শ্রমিক/কর্মচারীর ক্ষেত্রে এই কোম্পানিতে চাকুরিকাল কমপক্ষে ১৫ বছর এবং বয়স ৫৫ বছর হতে হবে।

নতুন এই সুবিধা ২০২১ সালের ডিসেম্বর মাস থেকে কার্যকর হবে।

**৬। <u>মৃত্যুজনিত সুবিধাঃ</u>**

ক) স্থায়ী শ্রমিক/কর্মচারীর মৃত্যুতে তাদের উত্তরাধিকারদের ১২ মাসের মূল মজুরি অথবা ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা যা অধিক, তা প্রদান করা হবে। এই সুবিধা গ্রাচ্যুইটি, প্রভিডেন্ট ফান্ড, ইন্স্যুরেন্স প্রভৃতি সুবিধার অতিরিক্ত হিসাবে দেয়া হবে। নতুন এই সুবিধা ২০২১ সালের অক্টোবর মাস থেকে কার্যকর হবে।

খ) বর্তমানে প্রচলিত রীতি মোতাবেক, স্থায়ী শ্রমিক/কর্মচারীগণ-এর স্ত্রী, স্বামী অথবা সন্তানের মৃত্যুতে ১০,০০০/- (দশ হাজার) টাকা সৎকারের খরচ নির্বাহ বাবদ প্রদান অব্যাহত থাকবে।



MSH

Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS ISO 9001 UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

৭। **লং সার্ভিস এ্যাওয়ার্ডঃ**

প্রচলিত নীতি অনুযায়ী লং সার্ভিস এওয়ার্ড ১০ বছর, ১৫ বছর, ২০ বছর, ২৫ এবং ৩০ বছর-এর জন্য যথাক্রমে এককালীন ৬,০০০/- টাকা, ৮,০০০/- টাকা, ১১,০০০/- টাকা, ১৫,৫০০/- এবং ২০,০০০/- টাকা প্রদান করা হবে। প্রতি বছর জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত যে সকল শ্রমিক/কর্মচারীগন ১০, ১৫, ২০, ২৫ এবং ৩০ বছর পূর্ণ করবে তারা উক্ত বৎসরে অ্যাওয়ার্ড এর জন্য মনোনীত হবে। লং সার্ভিস অ্যাওয়ার্ড অনুষ্ঠানে পুরস্কৃত শ্রমিক/কর্মচারীগণের স্ত্রী অথবা স্বামী এবং সর্বোচ্চ দুইজন সন্তানকে আমন্ত্রিত করা হবে।

৮। **সুদমুক্ত উৎসব ঋণঃ**

বর্তমানে প্রচলিত উৎসব ঋণ নিম্নবর্ণিত হারে নির্ধারণ করা হল, যা পরবর্তি ১০ মাসে সমান কিস্তিতে বেতন থেকে সমন্বয় করা হবে।

| চাকুরির সময়কাল | ঋণের পরিমাণ |
|---|---|
| ১ বছরের কম | প্রযোজ্য নয় |
| ১ থেকে <৫ বছর | ৫,০০০ |
| ৫ থেকে <১০ বছর | ৬,০০০ |
| ১০ থেকে <২০ বছর | ৮,০০০ |
| ২০ বছর বা তদোর্দ্ধ | ১০,০০০ |

উল্লেখ্য যে, ঋণ পেতে আগ্রহী শ্রমিক/কর্মচারীদের অবশ্যই যথা সময়ে নিয়মমাফিক আবেদন করতে হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। প্রতি বছর একবার শুধুমাত্র নিজ নিজ ধর্মের উৎসব কালে এই ঋণ আবেদন করা যাবে।

৯। **সু-কূপনঃ**

প্রত্যেক স্থায়ী শ্রমিক/কর্মচারীগণের বর্তমানে প্রদেয় বাৎসরিক ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকার সু-কূপনের পরিবর্তে ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকার সু-কূপন প্রদান করা হবে।

১০। **রমজান মাসের ইফতার ও সেহরীঃ**

রমজান মাসের ইভিনিং এবং নাইট শিফট এ ইফতার ও সেহেরীর সময়ে যে সমস্ত স্থায়ী শ্রমিক/কর্মচারীগণ কারখানায় উপস্থিত থাকবেন, তাদের জন্য কোম্পানী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকার ইফতারী এবং ২২৫/- (দুইশত পঁচিশ) টাকার সেহেরী পরিবেশন করবেন। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং ক্যান্টিন পরিচালনা কমিটি যৌথভাবে ইফতার এবং সেহেরীর মেন্যু নির্বাচন করবেন।

১১। **সহানুভূতিশীল বিশেষ ছুটিঃ**

সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগন তাহাদের স্বামী/স্ত্রী, বাবা, মা এবং সন্তান এর মৃত্যুতে তাদের শেষকৃত্য ও অন্যান্য ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনের সুবিধার্থে ৫ (পাঁচ) দিনের সহানুভূতিশীল ছুটি অব্যাহত থাকবে।



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

১২। **হজ্ব/তীর্থযাত্রার জন্য বিশেষ ছুটিঃ**

সকল স্থায়ী শ্রমিক/কর্মচারীগণ কোম্পানিতে ১ (এক) বছর চাকরিকাল পূর্ণ করা সাপেক্ষে নিজ ধর্মের জন্য প্রযোজ্য হজ্ব/তীর্থযাত্রার জন্য প্রয়োজনমাফিক কিন্তু সর্বোচ্চ একাধারে ২১ দিনের (calendar days) ছুটির আবেদন করতে পারবেন। এই ধরণের ছুটির সুবিধা একজন শ্রমিক/কর্মচারী কোম্পানিতে সমগ্র চাকরিকালীন কেবলমাত্র একবারই গ্রহণ করতে পারবেন।

তবে শর্ত থাকে যে, এই ধরণের বিশেষ ছুটির পরিকল্পনা পূর্বেই সুপারভাইজার ও মানব সম্পদ বিভাগকে অবশ্যই অবহিত করতে হবে। ছুটির আবেদন অনুমোদনের জন্য কর্মীকে যথাযথ প্রয়োজনীয় প্রমাণ দাখিল করতে হবে। ছুটি অনুমোদনের ক্ষেত্রে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। **ওয়েলফেয়ার ও এমপ্লয়ী কেয়ার ইভেন্টসঃ**

বর্তমানে প্রচলিত রীতি অনুযায়ী প্রতিবছর জানুয়ারী মাসে চট্টগ্রাম প্লান্টে এবং ডিসেম্বর মাসে রাজেন্দ্রপুর প্লান্টে বাৎসরিক পিকনিক এর আয়োজন করা হবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সি.বি.এ. এর সাথে আলোচনার মাধ্যমে পিকনিকের তারিখ নির্ধারণ করবে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সি.বি.এ. এর সাথে আলোচনার মাধ্যমে অন্যান্য অনুষ্ঠানগুলো উৎপাদনের সাথে সমন্বয় করে এবং আবহাওয়ার সাথে সঙ্গতি রেখে বর্তমান প্রচলিত রীতি ও বিধান অনুযায়ী সম্পন্ন করবেন।

১৪। **ইন-পেশেন্ট/হসপিটালাইজেশন মেডিকেল ইন্সুরেন্স সুবিধাঃ**

Delta Life Insurance Limited কোম্পানির সাথে আলোচনা এবং দর কষাকষি সাপেক্ষে বর্তমানে বলবৎ চুক্তির অন্তরবর্তী সময়ে প্রচলিত ইন-পেশেন্ট/হসপিটালাইজেশন ইন্সুরেন্স সুবিধার মানোন্নয়নের ব্যাপারে প্রচেষ্টা করা হবে।

১৫। **প্রচলিত সুযোগ সুবিধাঃ**

বর্তমানে যে সকল অন্যান্য সুযোগ সুবিধাদি প্রচলিত রয়েছে তা অব্যাহত রাখা হবে। এই চুক্তিনামা কার্যকর থাকাকালীন সময়ে ইউনিয়ন প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে আর্থিক সম্পর্কযুক্ত কোন দাবী কিংবা শিল্প বিরোধ উত্থাপন করতে পারবে না।

আরো উল্লেখ্য যে, এমপ্লয়ীজ ইউনিয়ন এই মর্মে সম্মত হলেন যে "হেলথ্ এন্ড সেফটি" ও "এথিক্স কোড/নৈতিক আচরণ বিধি (Code of Business Code)"-কে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান পূর্বক কোম্পানী কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগীতা অব্যাহত রেখে কোটস্ বাংলাদেশ লিমিটেড এর নিয়মনীতি অনুসরন করে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে যথাযথ ভূমিকা রাখবেন। ভবিষ্যতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সি.বি.এ. নেতৃবৃন্দ সর্বক্ষেত্রে আধুনিক ও গতিশীল উপায়ে কাজ সম্পাদন করার কৌশল অবলম্বনে সচেষ্ট থাকবেন।

উপরোল্লিখিত দফাসমূহ উভয়পক্ষের মধ্যে আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে চূড়ান্ত ঘোষণা করা হল এবং এই নিষ্পত্তির বাইরে ইউনিয়ন কর্তৃক ২০২১-এ পেশকৃত দাবীনামায় উল্লেখিত অন্যান্য দাবীসমূহ এতদ্বারা বাদ দেওয়া হল।

এই চুক্তিনামা অদ্য ১৭ অক্টোবর ২০২১ ইং তারিখে স্বাক্ষরিত হল যা ১ এপ্রিল, ২০২১ ইং তারিখ হতে কার্যকরী হয়ে ৩১ মার্চ, ২০২৩ ইং তারিখ পর্যন্ত ২ (দুই) বৎসর এর জন্য বলবৎ থাকবে।



MSH

Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

SGS UKAS MANAGEMENT SYSTEMS 0005
OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley Tested for harmful substances. www.oeko-tex.com/standard100

Coats Bangladesh Ltd.
Fouzderhat Industrial Estate
Sagorika Road.
P.O. Customs Academy
Chittagong-4219, Bangladesh
Tel : (880-31) 2771056-61
: (880-31) 751152-54
: (880-31) 752219, 751666
Fax : (880-31) 751623,751057

এই চুক্তির মেয়াদ শেষ হওয়ার দুই মাস পূর্বে ২০০৬ সালের বাংলাদেশ শ্রম আইনের ২২৩(৩) ধারা মোতাবেক চুক্তি অবসানের ব্যাপারে অবহিত করতে হবে।

## নাম ও স্বাক্ষরসমূহ

| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিনিধি | স্বাক্ষর | ইউনিয়ন পক্ষের প্রতিনিধি | স্বাক্ষর |
|---|---|---|---|
| **নিশান্ত মানুজা**<br>ম্যানেজিং ডিরেক্টর | | **শেখ আবদুল মান্নান**<br>সভাপতি | |
| **মনোনীতা সৈয়দ-হক**<br>হিউম্যান রিসোর্সেস ডিরেক্টর | | **মোঃ হামিদুর রহমান**<br>সিনিয়র সহ-সভাপতি | |
| **মোহাম্মদ আহসান হাবিব চৌধুরী**<br>ফাইন্যান্স ডিরেক্টর | | **আলী আহসান**<br>সহ-সভাপতি | |
| **প্রভাষ চন্দ্র দাস**<br>ম্যানুফ্যাকচারিং ডিরেক্টর | | **মোঃ আবদুল মজিদ**<br>সাধারণ সম্পাদক | |
| **এস. এম. এ. খালিদ**<br>ম্যানুফ্যাকচারিং ম্যানেজার | | **আয়নাল হক**<br>যুগ্ম সাধারণ সম্পাদক | |
| **সাব্বির আহমেদ খান**<br>রিওয়ার্ড ম্যানেজার | | **লিটন চন্দ্র নাথ**<br>সহ সাধারণ সম্পাদক | |
| **সৈয়দ তানভীর সরওয়ার**<br>প্লান্ট এইচ. আর. ম্যানেজার | | **এস. এম. আসাদুজ্জামান**<br>সাংগঠনিক সম্পাদক | |
| **মঞ্জুরুল আলম চৌধুরী**<br>প্লান্ট এইচ. আর. এসিস্ট্যান্ট ম্যানেজার | | **নূর মোহাম্মদ**<br>অর্থ সম্পাদক | |
| | | **শিকদার মিজানুর রহমান**<br>দপ্তর সম্পাদক | |
| | | **আতাউর রহমান**<br>সমাজকল্যাণ ও প্রচার সম্পাদক | |
| | | **জসীম উদ্দিন**<br>ক্রীড়া ও সংস্কৃতিক সম্পাদক | |

**অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। মাননীয় সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মহাপরিচালক (শ্রম), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিজয়নগর, ঢাকা।
৩। মাননীয় মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান সমূহ, কাওরান বাজার ঢাকা।
৪। মাননীয় শ্রম পরিচালক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। মাননীয় উপ-মহাপরিদর্শক, কারখানা ও প্রতিষ্ঠান সমূহ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। মাননীয় উপ- মহাপরিদর্শক, কারখানা ও প্রতিষ্ঠান সমূহ, গাজীপুর জেলা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, কোটস্ বাংলাদেশ লিঃ, তেজগাঁও, ঢাকা।



Head Office :
Tower one one Seven
117/A,Tejgoan
Dhaka- 1208,

A member of Coats plc, UK

Tel : (880-2) 8870960-5
: (880-2) 8870958-9
: (880-2) 8870967-8
Fax : (880-2) 8870975

OEKO-TEX® CONFIDENCE IN TEXTILES STANDARD 100 11-34931 Shirley Tested for harmful substances. www.oeko-tex.com/standard100